

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, মার্চ ১৫, ২০২৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়

প্রেস-১ শাখা

প্রজ্ঞাপন

তারিখ : ২৭ ফাল্গুন, ১৪৩২ বঙ্গাব্দ / ১২ মার্চ, ২০২৬ খ্রিষ্টাব্দ

এস.আর.ও.নং-৬৯-আইন/২০২৬।—বাংলাদেশ সংবাদ সংস্থা আইন, ২০১৮ (২০১৮ সনের ৬৫ নং আইন) এর ধারা ১৭-তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার, বাংলাদেশ সংবাদ সংস্থা কর্মচারী চাকুরী বিধিমালা, ১৯৯৫ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা:—

উপরি-উক্ত বিধিমালার বিধি ৫৩ এর উপ-বিধি (১) এর পরিবর্তে নিম্নরূপ উপ-বিধি (১) প্রতিস্থাপিত হইবে, যথা:—

“(১) সরকারি চাকরি আইন, ২০১৮ (২০১৮ সনের ৫৭ নং আইন) এর ধারা ৪৩ এ উল্লিখিত, যথাক্রমে, “৫৯ (উনষাট) বৎসর” ও “৬০ (ষাট) বৎসর” এর পরিবর্তে বাংলাদেশ সংবাদ সংস্থার সকল কর্মকর্তা ও কর্মচারীর ক্ষেত্রে “৬২ (বাষট্টি) বৎসর” উত্তীর্ণক্রমে অবসর গ্রহণের বিধান প্রযোজ্য হইবে।”।

২। সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগ কর্তৃক রিট পিটিশন নং ২৫৭৩/২০১৩ এ প্রদত্ত রায় ও আদেশের আলোকে এবং কনটেন্ট পিটিশন নং ১৯৮/২০১৬ এর নির্দেশনার পরিপ্রেক্ষিতে এই প্রজ্ঞাপন জারি করা হইল এবং ইহা অন্য কোনো সরকারি, আধা-সরকারি, রাষ্ট্রায়ত্ত্ব, স্বশাসিত ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের ক্ষেত্রে নজির হিসাবে ব্যবহার করা যাইবে না।

( ১৩৮৫৩ )

মূল্য : টাকা ৪.০০

৩। এই প্রজ্ঞাপন ২৭ অগ্রহায়ণ ১৪১৮ বঙ্গাব্দ মোতাবেক ১১ ডিসেম্বর ২০১১ খ্রিষ্টাব্দ তারিখে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মাহবুবা ফারজানা

সচিব।